দৈনিক বাংলা

তারিখ 3 0 JUN 1991

পৃষ্ঠা ২ কলাম ২

৭৪

# পাবনায় ছাত্র সংঘর্ষ ঃ প্রচণ্ড গোলাগুলি ভাংচুর ঃ আহত ১২

।। নিজস্ব প্রতিনিধি ।।

পাবনা, ২৯শে জুন।– পাবনা এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে আজ ছাত্র লীগ (শা–অ) ও জাতীয়তাবাদী ছাত্র দলের মধ্যে এক সংঘর্ষে কমপক্ষে ১২ জন আহত হয়েছে। সংঘর্ষে আগ্নেয়াস্ত্র, ককটেল, ক্ষুর, টাংগী ইত্যাদি ব্যবহার করা হয়।

উল্লেখ্য, আগামী কাল এই নির্বাচন অনুষ্ঠিত হবার কথা সংঘর্ষ চলাকালে গোলাগুলির শব্দে শহরে আতঙ্কের সৃষ্টি হয়। ছাত্রলীগ সমর্থকদের ছুরিকাঘাতে জাতীয়তাবাদী ছাত্রদলের এডওয়ার্ড কলেজ শাখার সভাপতি শরিফুল ইসলাম মুকুল গুরুতর আহত হলে তাকে পাবনা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এই সংঘর্ষ পরে শহর এলাকায়

(৩–এর পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## পাবনায় ছাত্র সংঘর্ষ

(প্রথম পৃষ্ঠার পর)

ছড়িয়ে পড়লে পাবনা জেলা বিএনপির প্রচার সম্পাদক মোফাজ্জল হোসেন ও সমর্থক কেজি মোস্তাফা আওয়ামী লীগ কর্মীদের আঘাতে গুরুতর আহত হন। তাদেরও পাবনা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এরপর জাতীয়তাবাদী ছাত্র দলের একটি মিছিল শহরের দুটি দোকানে হামলা চালায়। হামলাকারীরা সেখানে গুলিবর্ষণ ও ভাংচুর করে।

উল্লেখ্য, আগামীকাল অনুষ্ঠিতব্য কলেজ ছাত্র সংসদ নির্বাচনের জন্য কলেজ কর্তৃপক্ষ আজ ক্যাম্পাসে এক পরিচিতি সভা আহবান করেন। পরিচিতি সভায় সর্বপ্রথম ছাত্রদলের পক্ষ থেকে একজন বহিরাগত ছাত্র বক্তৃতা করতে উঠলে সংঘর্ষের সূত্রপাত হয়।

এদিকে আগামীকাল কলেজের নির্বাচন হবে কি হবে না অথবা কলেজ বন্ধ ঘোষণা করা হবে কি হবে না তা নিয়ে রাত প্রায় ১১টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত কলেজে রুদ্ধদ্বার কক্ষে বৈঠক চলছিল।